

■■ সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৬৬৬

৬/ মুসাফিরের সালাত ও কসর (كتاب صلاة المسافرين وقصره)

পরিচ্ছেদঃ ২০. রাতের বেলা নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর সালাত ও দু'আ

আরবী

حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ، وَمُحَمَّدُ بْنُ حَاتِمٍ، عَنِ ابْنِ عُيَيْنَةَ، _ قَالَ ابْنُ أَبِي عُمَرَ حَدَّثَنَا سُفْيَانُ، _ عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ، عَنْ كُريْب، مَوْلَى ابْنِ عَبَّاسٍ عَنِ ابْنِ عَبَّاسٍ، أَنَّهُ بَاتَ عِنْدَ خَالَتِهِ مَيْمُونَةَ فَقَامَ رَسُولُ النَّهِ صلى الله عليه وسلم مِنَ اللَّيْلِ فَتَوَضَاً مِنْ شَنٍ مُعلَّقٍ وُضُوءًا خَفِيفًا _ قَالَ ابْنُ عَبَّاسٍ مُعَلَّقٍ وُضُوءًا خَفِيفًا _ قَالَ وَصَفَ وُضُوءَهُ وَجَعَلَ يُخَفِّفُهُ وَيُقَلِّلُهُ _ قَالَ ابْنُ عَبَّاسٍ مُعَلَّقٍ وُضُوءًا خَفِيفًا _ قَالَ ابْنُ عَبَّاسٍ مُعَلَّقٍ وُضُوءًا خَفِيفًا مَا صَنَعَ النَّبِيُّ صلى الله عليه وسلم ثُمَّ جِئْتُ فَقُمْتُ عَنْ يَسَارِهِ فَقُمْتُ عَنْ يَسَارِهِ فَطَنَي فَجَعَلَنِي عَنْ يَمِينِهِ فَصَلَّى ثُمَّ اضْطَجَعَ فَنَامَ حَتَّى نَفَخَ ثُمَّ أَتَاهُ بِلاَلُ فَآذَنَهُ بِاللهُ عليه وسلم خَاصَّةً لأَنَّهُ بَلَغَنَا أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم تَنَامُ عَيْنَاهُ وَلاَ يَنَامُ قَلْبُهُ .

বাংলা

১৬৬৬। ইবনু আবৃ উমর ও মুহাম্মদ ইবনু হাতিম (রহঃ) ... ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত যে, তিনি তাঁর খালা মায়মুনা (রাঃ) এর ঘরে রাতে ছিলেন। রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম রাতে উঠে একটি লটকানো পূরানো মশক থেকে হালকাভাবে উযূ (ওজু/অজু/অযু) করলেন। বর্ণনাকারী কুরায়াব (রহঃ) বলেন, ইবনু আব্বাস (রাঃ) নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর উযূর বিবরণ দিতে গিয়ে তাঁর স্বল্পতা ও হালকা ভাবের ব্যাখ্যা দিলেন। ইবনু আব্বাস (রাঃ) বলেন, আমিও উঠে দাঁড়ালাম এবং নবী সাল্লাল্লাহ্থ আলাইহি ওয়াসাল্লাম যেরূপ করেছিলেন আমি সেরূপ করলাম। তারপর এসে তাঁর বামপাশে দাঁড়ালাম। তিনি আমাকে পিছন দিক দিয়ে ঘুরিয়ে আমাকে তাঁর ডানপাশে নিলেন। তারপর সালাত আদায় করে শুয়ে পড়লেন এবং ঘুমিয়ে নাক ডাকতে লাগলেন। এরপর বিলাল (রাঃ) তাঁর নিকট এসে তাঁকে সালাতের (সময় হওয়ার) খবর দেন। তখন তিনি বের হয়ে গিয়ে ফজরের সালাত আদায় করলেন এবং অযু করেননি।

সুফিয়ান (রহঃ) বলেন, এ ব্যাপার (ঘূমে অযূ ভঙ্গ না হওয়া) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জন্য খাস কেননা, আমাদের কাছে হাদীস পৌছেছে যে, তাঁর দু' চোখ নিদ্রা যায় কিন্তু তার অন্তর নিদ্রা যায় না।



English

Ibn `Abbas reported that he spent a night in the house of his maternal aunt, Maimuna. The Messenger of Allah (ﷺ) got up at night and performed a short ablution (taking water) from the water-skin hanging there. (Giving a description of the ablution Ibn `Abbas said:

It was short and performed with a little water.) I also got up and did the same as the Messenger of Allah (**) had done. I then came (to him) and stood on his left. He then made me go around to his right side. He then observed prayer and went to sleep till he began to snore. Bilal came to him and informed him about the prayer. He (the Holy Prophet) then went out and observed the dawn prayer without performing ablution. Sufyan said: It was a special (prerogative of the) Apostle of Allah (**) for it has been conveyed to us that the eyes of the Messenger of Allah (**) sleep, but his heart does not sleep.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন